

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩ ১৮৫

কৈলাসহর, ২৫ মার্চ, ২০২৫

আগামী ৪-৫ এপ্রিল উনকোটিতে অশোকাষ্টমী মেলা

অশোকাষ্টমী তিথি উপলক্ষে আগামী ৪ ও ৫ এপ্রিল শৈবতীর্থ উনকোটিতে অশোকাষ্টমী মেলা অনুষ্ঠিত হবে। এই মেলাকে সার্বিক সফল করার লক্ষ্যে গতকাল কৈলাসহর পুর পরিষদের কনফারেন্স হলে মহকুমা শাসক প্রদীপ সরকারের সভাপতিত্বে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন চন্দ্রপুর পথগয়েত সমিতির ভাইস চেয়ারম্যান বিনয় সিংহ, কৈলাসহর মহকুমা শাসক কার্যালয়ের ডিসএম মতিরঞ্জন দেববর্মা, জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহ অধিকর্তা বিশ্বজিৎ দেব সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত নেওয়া হয়, মেলা উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তরের পক্ষ থেকে সারা রাতব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে। এছাড়াও মেলায় বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে প্রদর্শনী স্টল খোলা হবে।

\*\*\*\*\*